# ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
প্লট ঃ ই-৪/এ, সিভিক সেক্টর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

নং ঃ ১৬.০১.০০০০.০০৫.০৩.০৩৫.০৯-১৩৯৫ তারিখ ঃ ০৮/০৩/২০১৮ খ্রিঃ

পরিচালক/উপ-পরিচালক/মিশন প্রধান
ইসলামিক ফাউন্ডেশন
.......................... বিভাগীয়/জেলা কার্যালয়/মিশন কেন্দ্র/ ইমাম প্রশিক্ষণ একাডেমি।

বিষয় ঃ **১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস ২০১৮ উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে অনুষ্ঠান বাস্তবায়ন প্রসঙ্গে।**

জনাব,

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

উপর্যুক্ত বিষয়ে আগামী ১৭ মার্চ ২০১৮ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস ২০১৮ উপলক্ষে ১২/০২/১৮ তারিখে অনুষ্ঠিত ৪১তম সমন্বয় সভার সিদ্ধান্ত, ১৯/০২/১৮ তারিখে অনুষ্ঠিত বাজেট প্রস্তুতকরণ কমিটির সুপারিশ এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সূত্র নং-১৬.০০.০০০০.০০০.১১.০০২.১৮-১১৬, তারিখঃ ০৬/০৩/১৮খ্রিঃ মারফত পত্রের আলোকে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে বিভাগীয় ও জেলা কার্যালয়ের আওতায় সকল উপজেলা পর্যায়ে নিম্নোক্ত আলোচ্যসূচি অনুসারে অনুষ্ঠান বাস্তবায়ন করতে হবে।

০১. ইসলামিক ফাউন্ডেশনের ৬৪ বিভাগীয়/জেলা কার্যালয়, ০৭টি ইমাম প্রশিক্ষণ কেন্দ্রে, ৬৭,৩৬৮টি মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষার সকল কেন্দ্র, ১০১০টি দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসা, ২০৫০টি মডেল ও সাধারণ রিসোর্স সেন্টার, ৫০টি ইসলামিক মিশন কেন্দ্র, ১৯টি ইবতেদায়ী মাদ্রাসা এবং ৪২৫টি মক্তব, মসজিদ পাঠাগার প্রকল্পের ৫৪১টি মডেল লাইব্রেরীসহ মোট ৭১,৫৩৫টি স্থানে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন;

০২. সকাল ৭ টায় মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষার ৬৭,৩৬৮টি কেন্দ্র, ১০১০টি দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসা, আলোচনা সভা, মিলাদ-কিয়াম, দোয়া অনুষ্ঠান;

০৩. উক্ত অনুষ্ঠান বাস্তবায়নের জন্য ২০১৭-১৮ অর্থ বছরে মওশিকের অনুষ্ঠান খাতের বরাদ্দ থেকে (৬৭৩৬৮ + ১০১০) = ৬৮,৩৭৮টি কেন্দ্রের প্রতি কেন্দ্রের জন্য ২০০/- (দুই শত) টাকা প্রকল্প কার্যালয় হতে বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন;

০৪. সকাল ৮ টায় সকল জেলা, উপজেলার ইউনিয়ন, ওয়ার্ড, পৌরসভা, সিটি কর্পোরেশনভিত্তিক গণশিক্ষার প্রাক-প্রাথমিক, সহজ কুরআন শিক্ষা ও বয়স্ক শিক্ষার সকল কেন্দ্র একত্রে ইউনিয়ন, ওয়ার্ড, পৌরসভা, সিটি কর্পোরেশনের সুবিধাজনক স্থান এবং ১০১০ টি দারুল আরকাম এবতেদায়ী মাদ্রাসা সকল কেন্দ্রে সুবিধাজনক স্থানে শিশু সমাবেশ, র‍্যালী, হামদ-নাত, গজল পরিবেশন, কবিতা আবৃত্তি, ইসলামিক ফাউন্ডেশনের থিম সং পরিবেশন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী সম্পর্কে আলোচনা এবং দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হবে।

০৫. তবে সংশ্লিষ্ট জেলার প্রতি উপজেলার ইউনিয়ন, ওয়ার্ড, পৌরসভা, সিটি কর্পোরেশনের অধীনে ১০টি কেন্দ্রের কম থাকলে সেক্ষেত্রে ২/৩টি ইউনিয়ন, ৪/৫টি ওয়ার্ড, পৌরসভা, সিটি কর্পোরেশনের কেন্দ্র একত্রে একটি সুবিধাজনস্থানে ১৭ মার্চের অনুষ্ঠান করতে হবে। এক্ষেত্রে প্রতিবেদন দেয়ার সময় কয়টি ইউনিয়ন, ওয়ার্ড, পৌরসভা, সিটি কর্পোরেশন একত্রে ১টি অনুষ্ঠান করা হয়েছে তা উল্লেখ করতে হবে। এজন্য মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্প থেকে ১,০০০/- (এক হাজার) টাকা হারে প্রেরণ করা হবে;

০৬. **বেলা ১০-১২ টায় উপজেলা/ জোন পর্যায়ে মোট ৫০৮টি স্থানে কুইজ ও রচনা প্রতিযোগিতা ঃ**

| | | | |
|---|---|---|---|
| স্কুল ও মাদ্রাসা পর্যায় | ক গ্রুপ (১ম থেকে ৫ম শ্রেণী পর্যন্ত) এবং খ গ্রুপ (৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণী পর্যন্ত) | কুইজ প্রতিযোগিতা | তারিখ ঃ ১৭/০৩/১৮<br>সময় ঃ সকাল-১০ টা |
| | স্কুল/মাদ্রাসা পর্যায়ে ক ও খ গ্রুপের কুইজ প্রতিযোগিতায় প্রতি গ্রুপে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী বিজয়ী প্রতিযোগীদের মধ্যে রচনা প্রতিযোগিতা (প্রত্যেক প্রতিষ্ঠান থেকে-৬ জন) | রচনা প্রতিযোগিতা<br>ক-গ্রুপ ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবনী।<br>খ-গ্রুপ ঃ ইসলাম প্রচার-প্রসারে বঙ্গবন্ধু। | তারিখ ঃ ১৭/০১/১৮<br>সময় ঃ দুপুর-১২ টা<br>স্থান ঃ উপজেলা মডেল রিসোর্স সেন্টার/ দারুল আরকাম মাদ্রাসা/ সুবিধাজনক নির্ধারিত স্থান |

০৭. বিকাল ৩ টায় মডেল রিসোর্স সেন্টার/৪৯৪টি উপজেলা ও মহানগরের জোনে উপজেলা কমপ্লেক্স/মডেল রিসোর্স সেন্টার সুবিধাজনক স্থানে 'বঙ্গবন্ধুর জীবন ও কর্মের' উপর আলোচনা সভা, মিলাদ-দোয়া ও মোনাজাত অনুষ্ঠান করা;

০৮. ২০১৭-১৮ অর্থ বছরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস ২০১৮ উপলক্ষে প্রতি উপজেলা পর্যায়ে কেন্দ্রীয় রাজস্ব খাতে বরাদ্দকৃত ৪,৫০০/- টাকার মধ্যে আলোচনা সভা, কুইজ ও রচনা প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান (হামদ, নাত ও ক্বিরাত), দোয়া-মিলাদ মাহফিল, মোনাজাত ও তবারক বিতরণ অনুষ্ঠানের ব্যয় নির্বাহ করতে হবে;

০৯. সকাল ১১ টা হতে ইসলামিক মিশনের ৫০টি কেন্দ্র, ১৯টি এবতেদায়ী মাদ্রাসা ও ৪২৫টি মক্তবসহ মোট ৪৯৪টি স্থানে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর আলোচনা সভা এবং বাদ যোহর মিলাদ ও দোয়া মাহফিল;

১০. ইসলামিক মিশনের ৫০টি কেন্দ্রে ২,০০০/- টাকা, ১৯টি এবতেদায়ী মাদ্রাসায় ৪০০/- টাকা, ৪২৫টি মক্তবের প্রতিটি মক্তবের জন্য ২০০/- টাকা বরাদ্দের মধ্যে মিশনের অনুষ্ঠান করতে হবে;

১১. ইমাম প্রশিক্ষণ একাডেমির ৭টি কেন্দ্রে আলোচনাসভা, মিলাদ-দোয়া, মোনাজাত অনুষ্ঠান হবে। প্রতিটি কেন্দ্রের জন্য ২০০০/-টাকা হারে বরাদ্দ ইমাম প্রশিক্ষণ একাডেমি হতে প্রদান করা হবে।

১২. বিভাগীয়/জেলা কার্যালয়ের পরিচালক/উপ-পরিচালকগণ সকল মসজিদে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রুহের মাগফেরাত কামনা করে বাদ যোহর দোয়া, মিলাদ মাহফিল ও মুনাজাতের ব্যবস্থা করার জন্য সকল মসজিদের ইমাম/খতিব মহোদয়কে চিঠি দিতে হবে;

১৩. ইসলামিক ফাউন্ডেশনের থিম সং-এর অডিও কপি এবং একটি হার্ড কপি জেলা কার্যালয়সমূহের ই-মেইলে দেয়া হবে, যা সংগ্রহ করে জেলা, উপজেলা ও কেন্দ্রসমূহে প্রেরণের ব্যবস্থা করা;

১৪. দারুল আরকাম এবতেদায়ী মাদ্রাসা ১০১০টি ও গণশিক্ষার ৭৪০০টি নতুন কেন্দ্রে জাতীয় পতাকা গণশিক্ষা প্রকল্পের মাধ্যমে জেলায় নির্দেশনা প্রদান করবেন;

১৫. জেলা/উপজেলায় মসজিদ পাঠাগার শক্তিশালীকরণ প্রকল্পের মডেল লাইব্রেরীতে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে।

১৬. ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত ইউনিয়ন, উপজেলা ও জেলা পর্যায়ে অনুষ্ঠানের সর্বাধিক প্রচারের জন্য ২টি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে;

১৭. উপজেলা পর্যায়ে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর আলোচনা সভার আয়োজন করতে হবে। উক্ত অনুষ্ঠান বাস্তবায়নে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের পরামর্শ নিতে হবে;

১৮. ১৭ মার্চ ২০১৮ উপজেলা পর্যায়ে স্কুল, স্বতন্ত্র এবতেদায়ী, আলিয়া ও কওমী মাদ্রাসা কর্তৃপক্ষের তত্ত্বাবধানে স্ব স্ব স্কুল ও মাদ্রাসা/সুবিধাজনক স্থানে "ক গ্রুপ" ১ম-৫ম শ্রেণী পর্যন্ত "খ গ্রুপ" ৬ষ্ঠ-৮ম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের কুইজ প্রতিযোগিতা এবং স্কুল/মাদ্রাসা পর্যায়ে ক ও খ গ্রুপের কুইজ প্রতিযোগিতায় প্রতি গ্রুপে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী বিজয়ী প্রতিযোগীদের মধ্যে রচনা প্রতিযোগিতা আয়োজন করতে হবে।

১৯. বিভাগীয়/জেলা কার্যালয়ের পরিচালক/উপ-পরিচালকগণ অনুষ্ঠিতব্য কুইজ প্রতিযোগিতার প্রশ্নপত্র, উত্তরপত্র এবং রচনা প্রতিযোগিতার খাতা ও অভিনন্দনপত্র তৈরি করে বিভাগীয়/জেলা কার্যালয় হতে সংশ্লিষ্ট ফিল্ড সুপারভাইজারগণের মাধ্যমে উপজেলা পর্যায়ে প্রেরণের ব্যবস্থা করবেন ;

২০. উক্ত কুইজ ও রচনা প্রতিযোগিতায় যেসব ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করবে তাদের সকলকে অভিনন্দনপত্র দিতে হবে;

২১. প্রতিটি মাদ্রাসা থেকে প্রতি গ্রুপে তিন জন করে যে ছয় জন কুইজ ও রচনা প্রতিযোগিতায় বিজয়ী হবে তাদেরকে পুরস্কার হিসেবে ইসলামিক ফাউন্ডেশন প্রকাশিত পুস্তক এবং সনদপত্র বিতরণ করতে হবে;

২২. প্রতিটি স্কুল ও মাদ্রাসা থেকে প্রতিযোগিতায় প্রতি গ্রুপের ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী ০৬ (ছয়) জন বিজয়ী প্রতিযোগী ১৭ মার্চ ২০১৮ তারিখে উপজেলা পর্যায়ে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক নির্ধারিত স্থানে অনুষ্ঠিত রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য মনোনীত হবে। এজন্য অংশগ্রহণকারীরা কোন টিএ/ডিএ প্রাপ্য হবেন না;

২৩. ইসলামিক ফাউন্ডেশনের উপজেলা পর্যায়ের ফিল্ড সুপারভাইজার/মডেল কেয়ারটেকারগণকে উপজেলার স্বতন্ত্র এবতেদায়ী, আলিয়া ও কওমী মাদ্রাসা কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে প্রতিযোগীদের নামের তালিকা প্রস্তুতপূর্বক নির্ধারিত তারিখে কুইজ ও রচনা প্রতিযোগিতা আয়োজনের ব্যবস্থা করতে হবে;

২৪. উপজেলা পর্যায়ে গণ্যমান্য ব্যক্তি, চেয়ারম্যান, মেম্বার, উপজেলা নির্বাহী অফিসার উক্ত আলোচনা সভায় সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, সুশীল সমাজ ও সুধীজনকে সম্পৃক্ত/আমন্ত্রণ করে আলোচনা সভার ব্যবস্থা করতে হবে। উক্ত আলোচনা সভা সম্পর্কে পত্র-পত্রিকায় প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ এবং ইলেকট্রনিক্স মিডিয়ায় প্রদর্শনের ব্যবস্থা করতে হবে ;

২৫. ইসলামিক ফাউন্ডেশন প্রধান কার্যালয়ের দ্বীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ কর্তৃক ১৬/০৩/১৮ তারিখ বিকাল ৩ টায় বায়তুল মোকাররম অডিটরিয়ামে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কর্ম শীর্ষক আলোচনা সভা ও মিলাদ মাহফিল ;

২৬. ১৭/০৩/২০১৮ তারিখ বায়তুল মোকাররম মসজিদে বাদ যোহর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রুহের মাগফিরাত কামনা করে কুরআনখানি, দোয়া ও মিলাদ মাহফিল ;

প্রেক্ষিতে, উপরোক্ত নির্দেশনা মোতাবেক ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস ২০১৮-এর অনুষ্ঠানসূচি বাস্তবায়ন করে ২৯/০৩/২০১৮ তারিখের মধ্যে উপজেলাভিত্তিক এবং ইউনিয়ন পর্যায় অনুষ্ঠানের বিবরণসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮/৩/১৮

(এ বি এম শফিকুল ইসলাম)
পরিচালক, সমন্বয় বিভাগ
ইসলামিক ফাউন্ডেশন।

নং ঃ ১৬.০১.০০০০.০০৫.০৩.০৩৫.০৯.

তারিখ ঃ /০৩/২০১৮ খ্রিঃ

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)।

০১. প্রকল্প পরিচালক, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন।
০২. সচিব, ইসলামিক ফাউন্ডেশন।
০৩. জেলা প্রশাসক, ----------------------------জেলা।
০৪. পরিচালক/প্রকল্প পরিচালক-------------------------------------------বিভাগ/প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন।
০৫. উপজেলা নির্বাহী অফিসার, ------------------------------উপজেলা।
০৬. একান্ত সচিব, মহাপরিচালক-মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৭. সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

০৮.০৩.১৮

(মোঃ ফজলুল হক)
উপ-পরিচালক, সমন্বয় বিভাগ
ইসলামিক ফাউন্ডেশন।